গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ।
www.chhatak.sunamganj.gov.bd

স্মারকনং-০৫.৪৬.৯০২৩.০০০.০৫.০০৬.২০-- ২৫৮ তারিখ ঃ ০৯/০২/২০২০ খ্রি.।

# হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ তারিখের স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারিকৃত সরকারি হাট বাজার সমূহের ব্যবস্থাপনা ইজারা পদ্ধতি এবং সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৭ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের লক্ষে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হতে উল্লিখিত তারিখ ও সময়সূচি অনুযায়ী নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী www.chhatak.sunamgonj.gov.bd ওয়েব সাইট ও অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

**দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচিঃ**

| দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর-০১.০০ ঘটিকা) | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় (দুপুর-০২.০০ ঘটিকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ২৩/০২/২০২০ খ্রি. | ২৪/০২/২০২০ খ্রি. | ২৪/০২/২০২০ খ্রি. | ১ম পর্যায় |
| ১০/০৩/২০২০ খ্রি. | ১১/০৩/২০২০ খ্রি. | ১১/০৩/২০২০ খ্রি. | ২য়পর্যায় |
| ২৩/০৩/২০২০ খ্রি. | ২৪/০৩/২০২০ খ্রি. | ২৪/০৩/২০২০ খ্রি. | ৩য় পর্যায় |
| ০৫/০৪/২০২০ খ্রি. | ০৬/০৪/২০২০ খ্রি. | ০৬/০৪/২০২০ খ্রি. | ৪র্থ পর্যায় |
| ১৯/০৪/২০২০ খ্রি. | ২০/০৪/২০২০ খ্রি. | ২০/০৪/২০২০ খ্রি. | ৫মপর্যায় |
| ০৩/০৫/২০২০ খ্রি. | ০৪/০৫/২০২০ খ্রি. | ০৪/০৫/২০২০ খ্রি. | ৬ষ্ঠ পর্যায় |
| ১৭/০৫/২০২০ খ্রি. | ১৮/০৫/২০২০ খ্রি. | ১৮/০৫/২০২০ খ্রি. | ৭ম পর্যায় |
| ০১/০৬/২০২০ খ্রি. | ০২/০৬/২০২০ খ্রি. | ০২/০৬/২০২০ খ্রি. | ৮ম পর্যায় |

**১৪২৭ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য হাটবাজারের তালিকা :**

| ক্রমিক নং | হাট বাজারের নাম | অধিক্ষেত্র ইউনিয়নের নাম | স্থানীয় সরকার বিভাগ প্রশাসন-২ শাখার তাং-২০/০২/২০১৮খ্রি. তারিখের ৯৩নং স্মারকে ৬% বর্ধিত হারে কাংখিত সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জাউয়া বাজার | জাউয়া বাজার | ১,১০,৯৬,৪৩৫/- | ২৩,৮০০/- | |
| ০২ | বড়কাপন বাজার | ঐ | ৪২৪/- | ৫০০/- | |
| ০৩ | গোবিন্দগঞ্জ নতুন বাজার | গোবিন্দগঞ্জ সৈদেরগাঁও ও ছৈলা আফজালাবাদ | ৩২,০৯,৭০৬/- | ৭,৪০০/- | মহামান্যহাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১৭৫০৪/১৭ মামলা বিদ্যমান । মহামান্যহাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৮৮৬৫/২০১৯ মামলা বিদ্যমান । বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত স্বত্ব মোং নং-১৪৪/১৮এ ১-৪ নং বিবাদীগনের বিরুদ্ধে অস্থায়ী নিষেধাজ্ঞা রয়েছে। |
| ০৪ | ধারন বাজার | গোবিন্দগঞ্জ সৈদেরগাঁও | ৪৩,৪৬০/- | ৫০০/- | |
| ০৫ | পীরপুর বাজার | গোবিন্দগঞ্জ সৈদেরগাঁও | ২১,২০০/- | ৫০০/- | |
| ০৬ | কালারুকা বাজার | কালারুকা বাজার | ৪,৫৯৫/- | ৫০০/- | |
| ০৭ | রামপুর বাজার | ঐ | ৫০০/- | ৫০০/- | |
| ০৮ | হাসনাবাদ বাজার | ঐ | ৭,২৪৪/- | ৫০০/- | |
| ০৯ | বাউসা বাজার | ছাতক | ২,৬৫০/- | ৫০০/- | |
| ১০ | ছনবাড়ি বাজার | ইসলামপুর | ২,৫০০/- | ৫০০/- | |
| ১১ | ইসলামপুর বাজার | ঐ | ৭,৪২০/- | ৫০০/- | |
| ১২ | চৌমুহনী বাজার | নোয়ারাই | ৫,০৫৪/- | ৫০০/- | |
| ১৩ | লক্ষিবাউর বাজার | ঐ | ৫,৯৩৬/- | ৫০০/- | |
| ১৪ | চানপুর বাজার | ঐ | ১৮,১৯৮/- | ৫০০/- | |

D:\Arun\BaZar 1427 Bangla calendaar.docx

Scanned by CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫ | আমেরতল বাজার | খুরমা উত্তর | ৫০০/- | ৫০০/- | |
| ১৬ | আলীগঞ্জ বাজার | ভাতগাঁও | ৪১,৯১৩/- | ৫০০/- | |
| ১৭ | হায়দরপুর বাজার | ঐ | ১,১৭১/- | ৫০০/- | |
| ১৮ | লাকেশ্বর বাজার | ছৈলা আফজালাবাদ | ৮,৯৩০/- | ৫০০/- | |
| ১৯ | বাংলা বাজার | ঐ | ৮১০/- | ৫০০/- | |
| ২০ | বুরাইয়া বাজার | দোলার বাজার | ১০,৯৫৫/- | ৫০০/- | |
| ২১ | দোলার বাজার | ঐ | ২,২১,২৫৯/- | ১,২০০/- | |
| ২২ | মঙ্গীরপুর বাজার | ঐ | ৫,৮৮২/- | ৫০০/- | |
| ২৩ | জাহিদপুর বাজার | ঐ | ২,৪৭৫/- | ৫০০/- | |
| ২৪ | জিয়াপুর বাজার | সিংচাপইড় | ৪,৭৩৬/- | ৫০০/- | |
| ২৫ | সিরাজগঞ্জ বাজার | ঐ | ৩৯,৭৫০/- | ৫০০/- | |
| ২৬ | কামারগাওঁ বাজার | ঐ | ৫৮,৪৪৩/- | ৫০০/- | |
| ২৭ | টেটিয়ারচর বাজার | চরমহল্লা | ৫১,০৫৮/- | ৫০০/- | |

**ঃ শর্তাবলী ঃ**

১. ১৪২৭ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে হাট-বাজার সমূহ ইজারা প্রদান করা হবে।

২. দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের সাথে ৩০% (শতকরা ত্রিশভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ এর অনুকূলে দাখিল করতে হবে। ইহার অন্যতায় দরপত্র বাতিল হবে বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবর ফেরত প্রদান করা হবে।

৩. দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ছাতক, সুনামগঞ্জ, উপজেলা ভূমি অফিস, ছাতক, সোনালী ব্যাংক ছাতক শাখা, ছাতক থানা(পুলিশ স্টেশন) ও জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), সুনামগঞ্জ হতে নগদ (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র দাখিলের আগের দিন পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) ক্রয় করা যাবে।

৪. সীলমোহরকৃত খামে দরপত্র নির্ধারিত তারিখে দুপুর ০১-০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ, উপজেলা ভূমি অফিস, ছাতক, পুলিশ সুপারের কার্যালয়,সুনামগঞ্জ ও জেলাপ্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দেয়াযাবে এবং ঐ দিন বেলা ০২.০০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫. যার দরপত্র গৃহীত হবে তিনি সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাঁত্তর ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যতায় জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বকপুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৬. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের কাঙ্খিতসরকারি মূল্যের কম হয় তাহা হলেপুনরায় দরপত্র আহবান করা হবে।

৭. এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাটের জন্য ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভূক্ত হাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৮. খামের উপর দরপত্র দাতার নাম,ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৯. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১০. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে কোন টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

১১. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে।

১২. ইজারাদার কোনভাবেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৩. শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন ও সড়ক/মহাসড়কের সন্নিকটসহ জনদূর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।

১৪. ইজারাদার সমূদয় ইজারামূল্যে (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১৫. ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৬. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।

১৭. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি ও লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।



Scanned by CamScanner

১৮. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৯. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

২০. কোন হাটবাজারের উপর বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতদেশ থাকলে ঐ হাটের উপর অত্র বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯/০২/২০২০

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ।
e-mail: unochatak@gmail.com

স্মারকনং-০৫.৪৬.৯০২৩.০০০.০৫.০০৬.২০-- ২৫৮(৫০)

তারিখ ঃ ০৯/০২/২০২০ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচরের জন্য:**

১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ- ৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,..............................................(সকল), সুনামগঞ্জ।
৬। মেয়র, ছাতক পৌরসভা, ছাতক, সুনামগঞ্জ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
৮। উপজেলা নির্বাহী অফিসার..............................................(সকল), সুনামগঞ্জ।
৯। সহকারী কমিশনার(ভূমি), ..............................................(সকল), সুনামগঞ্জ।
১০। উপজেলা .......................................... অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
১১। অফিসার ইন-চার্জ, ছাতক থানা, ছাতক, সুনামগঞ্জ।
১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ছাতক শাখা, ছাতক।
১৩।চেয়ারম্যান,ইসলামপুর/নোয়ারাই/ছাতক/কালারুকা/সৈয়দেরগাঁওগোবিন্দগঞ্জ/উত্তরখুরমা/দক্ষিনখুরমা/চরমহল্লা/জাউয়াবাজার/সিংচাপইড়/ছৈলাআফজলাবাদ/ভাতগাও/দোলারবাজার (সকল) ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ। তাঁকে গ্রাম পুলিশেরমাধ্যমে স্থানীয় বাজারে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ছাতকসদর/জাহিদপুর/জগঝাপ/পীরপুর ইউনিয়ন ভূমি অফিস, ছাতক। তাকে স্থানীয় বাজারে মাইক ও ঢোল শহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। সভাপতি/সম্পাদক.............................................. বাজার ব্যবস্থাপনা কমিটি, ছাতক।

১৬। সম্পাদক................................................................................। বিজ্ঞপ্তিটি খুব সংক্ষিপ্ত পরিসরে তার ভিতরের পৃষ্ঠায় দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের ১৫(পনের) দিন পূর্বে ০১(এক) দিনের জন্য শুধুমাত্র বিজ্ঞপ্তিটির মূল অংশ প্রকাশপূর্বক প্রকাশিত সংখ্যার ০৩(তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।

০৯/০২/২০২০

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ।
ফোন: ০৮৭২৩-৫৬২০২
e-mail: unochatak@gmail.com

D:\Arun\BaZar 1427 Bangla calendaar.docx

Scanned by CamScanner